

দক্ষতার সাথে কর্ম উপযোগী নৌকর্মী তৈরি করতে নৌপরিবহন সচিবের নির্দেশ

সোনাকান্দা (নারায়ণগঞ্জ) ২৪ ডিসেম্বর;


নৌপরিবহন সচিব মোঃ আবদুস সামাদ বলেন, নৌপরিবহন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে বিভিন্ন প্রতিষ্ঠান হতে নৌপ্রশিক্ষণ গ্রহণ করে অভ্যন্তরীণ নৌ সেক্টরের জনবলের চাহিদা পূরণসহ বিভিন্ন বিদেশী জাহাজে আমাদের নৌকর্মীগণ কর্মদক্ষতা প্রদর্শন করছেন। দক্ষতার সাথে কর্ম উপযোগী নৌকর্মী তৈরি এবং নৌ সেক্টরকে দুর্ঘটনামুক্ত করে জনবান্ধব করার জন্য ডেক ও ইঞ্জিন পারসোনেল প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি) কর্তৃপক্ষকে তিনি নির্দেশ দেন।

তিনি আজ নারায়ণগঞ্জের সোনাকান্দায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)'র নিয়ন্ত্রণাধীন ডেক ও ইঞ্জিন পারসোনেল প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি) নারায়ণগঞ্জ, মাদারীপুর ও বরিশাল এর প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ অনুষ্ঠানে এসব কথা বলেন।

এসময় বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর এম মোজাম্মেল হক বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে নারায়ণগঞ্জ কেন্দ্রের ৫৮ জন, মাদারীপুরের ১০ জন এবং বরিশালের ১০ জনসহ মোট ৭৮ জন প্রশিক্ষণার্থীর মাঝে ২০১৮ সনের কোর্সের সনদ বিতরণ করা হয়।

সচিব বলেন, সাধারণ শিক্ষা নিয়ে বিএ, এমএ পাশ করে আমাদের দেশের যুবকরা অফিস সহায়কসহ নিম্নমানের চাকুরির জন্য প্রতিনিয়ত ঘুরে বেড়াচ্ছে। অথচ আমাদের সরকারী বেসরকারী প্রতিটি দপ্তরে কারিগরি জ্ঞান সম্পন্ন দক্ষ জনবলের অভাব রয়েছে। তিনি বলেন, বর্তমানে নৌ-সেক্টরে বহুল কর্মসংস্থানের সৃষ্টি হলেও দক্ষ জনবল না থাকায় সকল ক্ষেত্রে আমরা এ সুযোগ দিতে পারছি না। নৌ-সেক্টরে চীন, কোরিয়াসহ বিভিন্ন দেশে দক্ষ জনশক্তির চাহিদা রয়েছে। দক্ষ জনশক্তির অভাবে অভ্যন্তরীণ চাহিদা পূরণ করে বিদেশে কর্মী প্রেরণ বাধ্যগ্রস্ত হচ্ছে। এক্ষেত্রে আমাদের দক্ষ জনশক্তিগড়ে তোলা জরুরি।


(মোঃ জাহাঙ্গীর আলম খান)

সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com